



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০১৪.২০২২- ২২২২

তারিখঃ ২৯/১০/২০২২খ্রি.

বিষয় : ১০% কোটায় নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১০% কোটায় নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের নিম্নে বর্ণিত তথ্যসমূহসহ সংযুক্ত ছক পূরণ করে আগামী ২৫/১০/২০২২ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ ওয়াহিদুজ্জামান-৩৯২৪)

উপপরিচালক (কলেজ-১)

ফোন: ০২-৪১০৫০৬২০

সংযুক্তিসমূহ :

- ১। ১০% কোটায় পিএসসি এর বিজ্ঞপ্তি।
- ২। ১০% কোটায় আবেদনের ও বিশেষ যোগ্যতার (স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ১ম শ্রেণী থাকলে/এমফিল/পিএইচডি) সনদপত্র।
- ৩। পিএসসি'র বিজ্ঞপ্তিতে চাহিত স্নাতক/ডিগ্রী পর্যায়ে পাঠদানের অভিজ্ঞতার সনদ।
- ৪। যে প্রতিষ্ঠান হতে ডিগ্রী পর্যায়ে পাঠদানের অভিজ্ঞতা সনদ হয়েছে সে প্রতিষ্ঠানে ঐ সময়ে ডিগ্রী/স্নাতক চালু থাকার প্রমাণপত্র।
- ৫। পূর্বের কর্মস্থল থেকে বিমুক্তি পত্র।
- ৬। চাকরিতে ১ম যোগদানপত্র।
- ৭। সকল পদোন্নতির প্রজ্ঞাপন ও যোগদানপত্র।
- ৮। ইন সার্ভিস দেশ/বিদেশ থেকে উচ্চতর ডিগ্রী (এমফিল, পিএইচডি) নিয়ে থাকলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি ও শিক্ষা ছুটির আদেশের কপি।
- ৯। পূর্বে যে প্রতিষ্ঠানে কর্মরত ছিল সে প্রতিষ্ঠান ও কর্মরত পদে এমপিওভুক্ত হওয়ার প্রমাণপত্র যার কর্মকাল ১০% কোটায় আবেদনের অভিজ্ঞতা হিসেবে দেখানো হয়েছে।
- ১০। এমফিল/পিএইচডি এর ক্ষেত্রে থিসিসের শিরোনাম ও প্রতিষ্ঠানের নাম।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। অধ্যক্ষ/সকল সরকারি কলেজ/মাদ্রাসা-ই-আলিয়া/সকল সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ।
- ৩। প্রতিষ্ঠান প্রধান/এনসিটিবি/সকল শিক্ষা বোর্ড/ডিআইএ/নায়েম/এইচএসটিটিআই/বিএমটিটিআই/এনটিআরসিএ/কল্যাণ ট্রাস্ট/অবসর সুবিধা বোর্ড/আমাই/ব্যানবেইজ এবং সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তাঁর দপ্তরে কর্মরত বি.সি.এস (সাধারণ শিক্ষা)ক্যাডার কর্মকর্তাগণ-কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ।
- ৪। পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫। সংরক্ষণ নথি।

